# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৬৯

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রোগ ভোগের ছাওয়াব।

## باب مَا جَاءَ فِي ثَوَابِ الْمَرِيضِ

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا أَبِي، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ عَطَاءٍ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، رضى الله عنه قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا مِنْ شَيْءٍ يُصِيبُ الْمُؤْمِنَ مِنْ نَصَبٍ وَلاَ حَزَنٍ وَلاَ وَصَبٍ حَتَّى الْهَمُّ يَهُمُّهُ إِلاَّ يُكَفِّرُ اللَّهُ بِهِ عَنْهُ سَيِّئَاتِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ فِي هَذَا الْبَابِ . قَالَ وَسَمِعْتُ الْجَارُودَ يَقُولُ سَمِعْتُ وَكِيعًا يَقُولُ لَمْ يُسْمَعْ فِي الْهَمِّ أَنَّهُ يَكُونُ كَفَّارَةً إِلاَّ فِي هَذَا الْحَدِيثِ . قَالَ وَقَدْ رَوَى بَعْضُهُمْ هَذَا الْحَدِيثَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رضى الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

৯৬৯. সুফিয়ান ইবনু ওয়াকী (রহঃ) ....... আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, দুঃখ-কষ্ট, চিন্তা ও রোগ যা কিছুই একজন মু’মিনের হোক না কেন এমন কি কোন দুশ্চিন্তাও তাকে আক্রান্ত করে তবে আল্লাহ তা’আলা এর বিনিময়ে তার গুণাহসমূহ মাফ করে দেন। - সহিহাহ ২৫০৩, মুসলিম, বুখারি সংক্ষিপ্ত। বুখারি ও মুসলিমের বর্ণনায় আনহু সাইয়্যোয়াতিহির পরিবর্তে মিন সাইয়্যোয়াতিহি উল্লেখ আছে। আর উহাই সংরক্ষিত, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৬৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই বিষয়ে এই হাদিস হাসান। তিনি বলেন, আমি জারূদ (রহঃ) কে বলতে শুনেছি যে, তিনি ওয়াকী থেকে শুনেছেন তিনি বলেছে। দুঃশ্চিন্তাও যে গুণাহর জন্য কাফফারা হয় এই বিষয়ে এই হাদিসটি ছাড়া অন্য কোন রিওয়ায়াত তিনি শুনেন নি। কেউ কেই এই রিওয়ায়াতকে আতা ইবনু ইয়াসার আবূ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

## English

Abu Sa'eed Al-Khudri (may Allah be pleased with him) narrated that:
The Messenger of Allah said: "Nothing afflicts the believer, whether fatigue, grief, disease - even a worry that concerns him - except that by it, Allah removes something from his bad deeds."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18158

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন